মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/০৬/২০২০ ইং তারিখ রোজ বুধবার বেলা **১১.০০** ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা **মোছাঃ আলপনা খাতুন**।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রাদুর্ভাবে চলমান অর্থনৈতিক বিপর্যয়ে দারিদ্রদের মাঝে সহায়তা প্রদান নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৪/০৩/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রাদুর্ভাবে চলমান অর্থনৈতিক বিপর্যয়ে দারিদ্রদের মাঝে সহায়তা প্রদান নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও কোভিড-১৯ (করোনা ভাইরাস) এর প্রাদুর্ভাবে মহামারী সৃষ্টি হয়েছে। এর ফলে অনেক দারিদ্র ব্যাক্তি তাদের কর্ম হারিয়েছে। অনেকের আয় কমে গেছে। এছাড়া অনেক প্রন্তিক ব্যবসায়ী তাদের ব্যবসায় মন্দার কারণে সংসারের খরচ চালনায় হিমশিম খাচ্ছে। এই প্রেক্ষিতে সরকারী ভাবে কিছু ত্রাণ দেওয়া হলেও তা সকলের নিকট পৌছাচ্ছে না। এমতাবস্থায় এই সমস্ত গরীব ও অসহায় মানুষের পাশে কিছু খাদ্য ও অন্যান্য সহায়তা প্রদান জরুরী হয়ে পড়েছে। তিনি এ বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। মানবিক কারণে এই সমস্ত গরীব ও অসহায় পরিবার যারা করোনার কারণে আরোও আর্থিক বিপর্যয়ে পরে আজ দিশেহারা তাদের পাশে অবশ্যই আমাদের দাড়ানো উচিৎ। তিনি বলেন ইতি মধ্যে আপনার দেখেছেন,	পৌর পরিষদ, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এস আই সি।

	মেহেরপুর পৌরসভার প্রতিটি ওয়ার্ডে প্রতিটি বাড়িতে গিয়ে আমি মেয়র হিসেবে খাদ্য সহায়তা প্রদান করেছি। এই পর্যন্ত প্রায় বারো হাজার) পরিবারের নিকট আমি এবং আমার পরিষদ খাদ্য সহায়তা প্রদান করেছি। খাদ্য সহায়তার পাশাপাশি কিছু নগদ অর্থ এবং মাক্স ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে। এছাড়া মানুষের সচেতনতায় মাইকিং, মিটিং, উঠান বৈঠক ও সচেতনতামূলক বিল বোর্ড ও সাইন বোর্ড লাগানো হয়েছে। এর মধ্যে আমি ব্যাক্তি উদ্দোগে অনেক সহায়তা করেছি। তিনি সভায় বলেন, যতদিন করোনাভাইরাসের কারণে পৌরবাসির এই দুর্যোগ থাকবে ততদিন এই কার্যক্রম অব্যহত থাকবে। তিনি সভায় আরোও বলেন, মেহেরপুরে অনেক বিত্তবান রয়েছেন যারা এই দূর্যোগের মুহুর্ত্তে গরীব ও অসহায়দের অনেক সহায়তা করছেন। তিনি বিত্তবানদের প্রতি আহবান জানান করোনা কালীন সময়ে গরীব ও অসহায় মানুষের পাশে দাড়াতে। মেয়র মহোদয় সভায় জানান, মেহেরপুর পৌরসভা তার নিজস্ব অর্থায়নে এবং আমার ব্যাক্তিগত অর্থে আজ পর্যন্ত পৌরবাসির খাদ্য ও অর্থিক সহায়তা প্রদান করা হয়েছে এবং এই সহায়তা আগামীতে যতদিন করোনার বিপর্যয় চলবে ততদিন অব্যহত থাকবে ইনশাআল্লাহ।	
বিবিধ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি হোসনে আরা সভাপতির মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট জানতে চান, বস্তি উন্নয়নের কাজ আবার কবে শুরু হবে? মেয়র মহোদয় সভায় জানান, ১ম কিস্তির কাজ বেশ কিছু দিন হলো শেষ হয়েছে। নিয়ম অনুযায়ী বিল /ভাউচার এবং কাজের মেজারমেন্ট বুক (পরিমাপ বই) প্রকল্প অফিসে পাঠালে পরবর্তী কিস্তির টাকা ছাড় হবে। এই কাজের দায়িত্বে একজন পৌরসভায় একজন উপসহকারী প্রকৌশলী ছিল, কিন্তু উনাকে মন্ত্রনালয় থেকে বদলী করায় এবং উনার স্থলে কাওকে না পদায়ন করায় পরিমাপ বই সম্পন্ন করা যাচ্ছেনা। তবে চেষ্ট চলছে এর একটি সমাধানের। অচিরেই একটি ভালো ফলাফল পাওয়া যাবে ইনশাআল্লাহ।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৬/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	[signature]
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	শিউলী
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	হামিদা
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	[signature]
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	[signature]
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	হোসনেআরা
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	মাসুদ শেখ
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	২৪/০৬/২০
৯	মোঃ আমিনুল ইসলাম	CDA (UGIIP-3	[signature]
১০	মোঃ মোশারফ হোঃ	C.F.W (UGIIP-III)	[signature]
১১	মোঃ সাবু মিয়া	C.F.W (UGIIP-III)	Sabu